জীবননগর ৩ শতাধীক মানুষকে ফ্রি চিকিৎসা প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে জীবননগরে ইন্দো-বাংলা চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে প্রধান অতিথি হিসেবে জীবননগর পৌরসভা প্রাঙ্গণে এই চিকিৎসা শিবিরের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

কলকাতার রুবি জেনারেল হাসপাতালের সহযোগিতায় চিকিৎসা দেন ভারত থেকে আগত মেডিসিন, অর্থোপেডিক, গাইনি, কিডনি ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. দীপাঞ্জন ভদ্র, কুমার ব্যানার্জি, আমরিতাক্ষয়, তন্ময় মাঝি, আয়ান মুখোপাধ্যায়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে এবং জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর পৌরসভার মেয়র মো. রফিকুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি মুন্সি নাসির উদ্দিন প্রমুখ।